



“মুজিব বর্ষে স্বাস্থ্য খাত  
এগিয়ে যাবে অনেক ধাপ”

## প্রেস রিলিজ

### “স্বাস্থ্য অধিদপ্তর ; স্বাস্থ্য সেবা বিভাগ , স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় ও আইসিটি বিভাগ , তথ্য ও যোগাযোগ মন্ত্রণালয় কর্তৃক জনস্বার্থে Whatsapp ইনফোবট সার্ভিস চালুকরণ ”

কোভিড-১৯ মহামারীর এই সময় সাধারণ জনগণের নিকট সহজে সর্বশেষ তথ্য পৌঁছে দেবার জন্য “কোভিড-১৯ ইমার্জেন্সি রেসপন্স এবং প্যান্ডেমিক প্রিভেনশন ডেনেস”- প্রকল্প এর সহযোগিতায় স্বাস্থ্য অধিদপ্তর ; স্বাস্থ্য সেবা বিভাগ , স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় এবং আইসিটি বিভাগ , তথ্য ও যোগাযোগ মন্ত্রণালয় কর্তৃক Whatsapp এ একটি ইনফোবট সার্ভিস চালু করা হয়েছে। এখানে স্বয়ংক্রিয়ভাবে সহজেই COVID19 বিভিন্ন তথ্য বাংলায় পাওয়া যাবে।

COVID-19 [Govt of Bangladesh DG Health Services] শিরোনামে Whatsapp এ +8801678380056 বা +৮৮০১৬৭৮৩৮০০৫৬ নম্বরটিতে এই সেবা গ্রহণ করা যাবে। আপনার মোবাইল কন্টাক্টে নাম্বারটি সেভ বা সংরক্ষণ করতে হবে এবং ইংরেজিতে ‘Hello’ এবং বাংলায় ‘হ্যালো’ লিখে সেবাটিতে সংযুক্ত হতে হবে। এর মাধ্যমে সহজে সর্বশেষ তথ্য ও বিবিধ সেবা গ্রহণ করা যাবে।

এই অফিশিয়াল সেবার মাধ্যমে সহজেই দেশের কোভিড-১৯ সংক্রান্ত সার্বিক অবস্থার সারসংক্ষেপ জানা যাবে। এছাড়া এ রোগটির প্রতিরোধ, উপসর্গ, চিকিৎসা, ঝুঁকি, ভ্রমণ সংক্রান্ত উপদেশ এবং সরকারি হেল্পলাইন সংক্রান্ত সকল তথ্য এখানে পাওয়া যাবে। এছাড়া এখানে সবচেয়ে জিজ্ঞাস্য প্রশ্নের (FAQ) উত্তরগুলো পাওয়া যাবে এবং যে কোন ধরনের গুজব, মিথ্যা তথ্যের বিপরীতে সঠিক তথ্য পাওয়া যাবে। এখানে নিজের উপসর্গ নিজে যাচাই করার জন্য CoronaBD মোবাইল অ্যাপ সংযোজিত আছে। পরবর্তীতে এই সেবা ফেসবুক মেসেঞ্জারের সাথে সংযুক্ত করার প্রক্রিয়া চলমান আছে যেখানে লাইভ বা সরাসরি সাপোর্ট সংযুক্ত করা হবে।


এই পরিষেবাটি Noorahealth এবং turn.io এর যৌথ সহযোগিতায় প্রস্তুত করা হয়েছে। এছাড়াও Whatsapp এর প্রকৌশলীবৃন্দ সেবাটিকে নিরবিচ্ছিন্ন রাখার জন্য কাজ করে যাবেন।

আজ বিকাল ৫.০০ ঘটিকায় Zoom এ ভিডিও কনফারেন্স এর মাধ্যমে মাননীয় তথ্য ও যোগাযোগ প্রতিমন্ত্রী জুনায়েদ আহমেদ পলক উক্ত সেবাটির শুভ উদ্বোধন করেন।

নিম্নোক্ত লিংকের মাধ্যমে বিভিন্ন মাধ্যমের সাংবাদিক বৃন্দ উক্ত ভিডিও কনফারেন্সে যুক্ত হতে পারবেন।

<https://zoom.us/j/97078038707?pwd=TFB2eEpUNmdDL1h0Tmg3SUVvZXRkQT09>

সকলকে সেবাটি গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।

  
মোঃ আকবাস আলী শেখ  
জনসংযোগ কর্মকর্তা  
স্বাস্থ্য অধিদপ্তর  
মহাখালী, ঢাকা-১২১২।